

রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ



# গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জুলাই ১৩, ২০১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

স্থানীয় সরকার বিভাগ

উপজেলা-১ শাখা

প্রজ্ঞাপন

তারিখ: ০৮ আষাঢ় ১৪২৪ বঙ্গাব্দ/২২ জুন ২০১৭ খ্রিস্টাব্দ

নং ৪৬.০৪৬.০২৭.০০.০০.০৫৬.২০১৫-৮১০—যেহেতু, জনাব মোঃ মোখলেশ্বর রহমান, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চাঁপাইনবাবগঞ্জ সদর এর বিকান্দে গত ০১ আগস্ট ২০১৬ তারিখ রাত ২২.০৫ টায় চাঁপাইনবাবগঞ্জ জেলার সদর উপজেলাধীন চামাগাম নাইট স্কুলে নাশকতা সৃষ্টির উদ্দেশ্যে ককটেল, গানপাউডার ও লাঠি নিয়ে সমবেত হওয়ার সংবাদ প্রাপ্ত হয়ে পুলিশ ঘটনাস্থলে উপস্থিত হয় ও কয়েকজন আসামীকে হাতে নাতে ধূত করে এবং তিনিসহ কয়েকজন আসামী ঘটনাস্থল হতে পলায়ন করেন। এ অভিযোগে নবাবগঞ্জ থানার মামলা নম্বর ০৩, তারিখ ০২-০৮-২০১৬, ১৯০৮ সালের বিস্ফোরক দ্রব্য আইনের ৪/৬ ধারায় মামলা দায়ের হয়;

যেহেতু, উক্ত মামলা তদন্তপূর্বক অভিযোগের প্রাথমিক সত্যতা থাকায় বিজ্ঞ আদালতে অভিযোগপত্র (অভিযোগপত্র নং-১৩৯, তারিখ ১৫-০৩-২০১৭) বিজ্ঞ স্পেশাল ট্রাইব্যুনাল-৩ চাঁপাইনবাবগঞ্জ এ দাখিল করা হয়।

যেহেতু, বিজ্ঞ আদালত কর্তৃক জনাব মোঃ মোখলেশ্বর রহমান, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চাঁপাইনবাবগঞ্জ সদর এর বিকান্দে দায়েরকৃত নবাবগঞ্জ থানার মামলা নম্বর ০৩, তারিখ ০২-০৮-২০১৬ (জিআর ৪০৬/১৬, বিশেষ ক্ষমতা ১৭৪/১৭, ধারা ১৯০৮ সালের বিস্ফোরক দ্রব্য আইনের ৪/৬) এর অভিযোগপত্র গৃহীত হয়েছে;

( ৭৬৯৫ )

মূল্য : টাকা ৮.০০

যেহেতু, বিজ্ঞ আদালত কর্তৃক জনাব মোঃ মোখলেশুর রহমান, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চাঁপাইনবাবগঞ্জ সদর এর বিরুদ্ধে অভিযোগপত্র গৃহীত হওয়ায় এবং নির্বাচিত জনপ্রতিনিধি হওয়া সত্ত্বেও শিক্ষা প্রতিষ্ঠানে এহেন নাশকতামূলক ঘৃণ্য, জনস্বার্থ ও রাষ্ট্রবিরোধী কার্যক্রমে জড়িত থাকার অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় তাঁর দ্বারা উপজেলা পরিষদের ক্ষমতা প্রয়োগ জনস্বার্থের পরিপন্থি মর্মে সরকার মনে করে;

সেহেতু, উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত]-এর ধারা ১৩৬(১) অনুসারে চাঁপাইনবাবগঞ্জ সদর উপজেলা পরিষদের চেয়ারম্যান জনাব মোঃ মোখলেশুর রহমানকে সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

এ আদেশ জনস্বার্থে জারি করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।

ড. জুলিয়া মঙ্গন  
উপসচিব।